

পান পাতার দাগ বা ক্ষত (Anthracnose) রোগ

রোগ পরিচিতি

প্রতি বছর কৃষকেরা পান চাষে বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছে। এ সমস্যাগুলোর মধ্যে রোগবালাই অন্যতম। অনেকগুলো রোগ দ্বারা পান গাছ আক্রান্ত হয়ে থাকে। তন্মধ্যে পাতার দাগ বা ক্ষত (Anthracnose) রোগ বিশেষভাবে উল্লেখযোগ্য। *Colletotrichum capsici* নামক ছত্রাক দ্বারা এ রোগ হয়ে থাকে।

রোগের লক্ষণ:

প্রথমে পাতায় বিক্ষিপ্ত ভাবে ছোট ছোট বাদামী ফোঙ্কার মত দাগ পড়ে। ক্রমশ: দাগগুলো বড় হতে থাকে এবং অনেকগুলো দাগ একত্রে মিলিত হয়ে বড় দাগের বা ক্ষত সৃষ্টি করে। প্রতিটি দাগ হলুদ বলয় দ্বারা ঘেরা থাকে। ক্রমে দাগের মাঝখানটি শুকিয়ে যায় এবং সম্পূর্ণ পাতাটি নষ্ট হয়ে ঝরে পড়ে। এ রোগের কারণে পানের বাজার মূল্য কমে যায়।



চিত্র: আক্রান্ত পাতা

সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

- এ রোগ দমনের জন্য নোইন-৫০ ডব্লিউ পি নামক ছত্রাকনাশক প্রতি লিটার পানিতে দুই গ্রাম অথবা ডাইথেন এম-৪৫ একই মাত্রায় মিশিয়ে ১০-১২ দিন পর পর তিনবার স্প্রে করতে হবে।
- রোগাক্রান্ত পাতা/লতা বরজ হতে তুলে ধ্বংস করতে হবে।
- প্রতিরোধী জাত যেমন বারি পান-১, বারি পান-২ এর চাষ করতে হবে।
- লতা রোপনের পূর্বে প্রতি লিটার পানিতে প্রোভেনজ ২ গ্রাম হারে মিশিয়ে শোধন করে নিতে হবে।
- *Trichoderma harzianum* (বাউ- বায়োফানজিসাইড) প্রতি লিটার ২ গ্রাম হারে ২-৩ সপ্তাহ পর পর গাছের পাতায় স্প্রে করতে হবে। বিস্তৃতি

তথ্যসূত্র: কীটতত্ত্ব বিভাগ, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর ও উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।